Exam

দৈনিক সংবাদ

তারিখ 0.7 MAR 1986
পৃষ্ঠা ... 1 ... কলাম ... 3 ...

148

## আলোচনার মাধ্যমে অচলাবস্থা নিরসন করুন : শিক্ষক সমন্বয় পরিষদ

# সারাদেশে এস এস সি পরীক্ষার প্রথম দিন

(নিজস্ব বার্তা পরিবেশক)

দেশের চারটি শিক্ষা বোর্ডের অধীনে গতকাল বৃহস্পতিবার এসএসসি পরীক্ষা শুরু হয়েছে। ঢাকার কেন্দ্রীয় কণ্ট্রোলরুম জানায়, 'সারাদেশে সুষ্ঠুভাবে পরীক্ষা নেয়া হয়েছে।'

রাজধানীর ৪১টি পরীক্ষা-কেন্দ্রে শান্তিপূর্ণভাবে পরীক্ষা নেয়া হয়। শিক্ষা পরিদপ্তরের একটি সূত্র জানান, শতকরা ৯৮ ভাগেরও বেশী পরীক্ষার্থী এ কেন্দ্রগুলোতে পরীক্ষায় অংশ নেয়।

রাজধানীর কোন কোন পরীক্ষা-কেন্দ্রে পরীক্ষা দিতে গিয়ে পরীক্ষার্থীদের বিড়ম্বনার সম্মুখীন হতে হয়। অনেকেই পরীক্ষা কেন্দ্রে গিয়ে প্রবেশপত্র সংগ্রহ করেছে। ফলে নির্ধারিত সময়ের চাইতে বিলম্বে তারা পরীক্ষা দেয়া শুরু করে।

বেসরকারী মাধ্যমিক স্কুলের ধর্মঘটী শিক্ষকরা পরীক্ষা কেন্দ্রগুলোতে পরীক্ষা নিতে যাননি। গতকাল ছিল তাদের ধর্মঘটের ত্রয়োদশতম দিন। গতকাল এক বিবৃতিতে শিক্ষক সমন্বয় পরিষদের নেতৃবৃন্দ গ্রেফতারকৃত শিক্ষকদের মুক্তি ও গ্রেফতারী পরোয়ানা প্রত্যাহারের দাবী জানিয়ে সমন্বয় পরিষদ নেতৃবৃন্দের সাথে আলাপ-আলোচনার মাধ্যমে দু' দফা দাবী পূরণ ও শিক্ষাক্ষেত্রে উদ্ভূত অচলাবস্থার নিরসন ঘটানোর জোর দাবী জানিয়েছেন।

তারা আজ শুক্রবার বিকাল তিনটায় কেন্দ্রীয় শহীদ মিনারে প্রতিবাদ সভা ও মিছিলের আয়োজন করেছেন।

একই সময়ে দেশের প্রতিটি জেলা ও উপজেলায় প্রতিবাদ সভা-মিছিল অনুষ্ঠানের জন্যও তাঁরা আহ্বান জানিয়েছেন। আগামী ৯ই মার্চ সকাল ১০টায় কেন্দ্রীয় শহীদ মিনারে অনুরূপ প্রতিবাদ সভা ও সভাশেষে বিক্ষোভ মিছিলের কর্মসূচীও ঘোষণা করা হয়েছে।

### চট্টগ্রাম

চট্টগ্রাম থেকে নিজস্ব বার্তা পরিবেশক জানাচ্ছেন : রাঙ্গুনিয়া কেন্দ্রের বেগম জাফরজান উচ্চ বালিকা বিদ্যালয়ে পরীক্ষা শুরু হওয়ার আধঘণ্টা পরে একটি মিছিল কেন্দ্রের অভ্যন্তরে প্রবেশ করে এবং হল ঘরটিতে আগুন লাগিয়ে দেয়। এ সময় পুলিশ জনতাকে ছত্রভঙ্গ করার জন্য ১০ রাউণ্ড ফাঁকা গুলীবর্ষণ করে এবং ১২ জনকে গ্রেফতার করে।

জেলা প্রশাসন সূত্রে বলা হয়েছে যে, দুর্ঘটনার কারণে ওই কেন্দ্রে পরীক্ষা কিছুক্ষণ বন্ধ রাখতে হয়েছিল। পরিস্থিতি শান্ত হলে আবার পরীক্ষা শুরু হয়।

এখানকার শিলক নামে অপর একটি কেন্দ্রে গোলযোগ হয়েছে বলে পুলিশ জানায়। জেলার বিভিন্ন উপজেলা থেকে বিস্তারিত কোন খবর পাওয়া যায়নি। কারণ সকল এলাকায় ট্রাঙ্ক-টেলিফোন

(শেষ পৃ: ১-এর ক: দ্র:)

দৈনিক সংবাদ

তারিখ 0.7 MAR 1986 ... 3 ...

## এস এস সি পরীক্ষার প্রথম দিন

(১ম পাতার পর)

লাইন খারাপ বলে কর্তৃপক্ষের কাছ থেকে জানানো হয়। তবে বিভিন্ন সূত্রে পাওয়া খবরে জানা যায় যে, সাতকানিয়া কেন্দ্র, লোহাগাড়া উপজেলার গোলামবাড়ী হাই স্কুল কেন্দ্রেও পরীক্ষা ব্যাহত হয়েছে। অন্যান্য কেন্দ্র থেকেও পরীক্ষা ব্যাহত হওয়ার খবর পাওয়া যাচ্ছে।

শহরে মোট ৮টি কেন্দ্রে ২ হাজার ৫শ'৫৮ জন পরীক্ষার্থীর মধ্যে ২৬ জন অনুপস্থিত ছিল। জেলা প্রশাসন দাবী করেছেন, রাঙ্গুনিয়া ছাড়া সর্বত্র সুষ্ঠুভাবে পরীক্ষা সম্পন্ন হয়েছে এবং উপস্থিতির হারও স্বাভাবিক ছিল।

### চাপাইনবাবগঞ্জ

চাপাইনবাবগঞ্জ থেকে নিজস্ব সংবাদদাতা জানান, জেলার রহনপুর পরীক্ষা কেন্দ্রে পুলিশের গুলীতে গুরুতরভাবে আহত শফিকুল ইসলাম, কফিউদ্দা ও মজিবর রহমানকে রাজশাহী মেডিক্যাল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে। একদল মারমুখী জনতা পরীক্ষা কেন্দ্রে ঢুকে পরীক্ষার্থীদের প্রশ্নপত্র ও খাতা কেড়ে নিলে পুলিশ সেখানে ২০ রাউণ্ড গুলী চালায়। বিক্ষুব্ধ জনতা স্থানীয় উপজেলা চেয়ারম্যানের গাড়ী ভাংচুর করে তাতে আগুন লাগিয়ে দেয়। সেখানে পরীক্ষাগ্রহণ স্থগিত রাখা হয়েছে।

### বরিশাল

বরিশাল থেকে আমাদের নিজস্ব সংবাদদাতা ফোনে জানান, বরিশালে গতকাল শান্তিপূর্ণভাবে এসএসসি পরীক্ষা শুরু হয়েছে। অপরদিকে শিক্ষক সমন্বয় কমিটির আহবানে গতকাল দুপুর ২টা পর্যন্ত বরিশালে হরতাল পালিত হয়। ভোলা জেলার দৌলতখানে পুলিশের গুলীবর্ষণে ৫ জন আহত হয়েছে বলে স্থানীয় শিক্ষক সমিতির পক্ষ থেকে জানানো হয়েছে। পিরোজপুর জেলার বানরীপাড়া উপকেন্দ্রে দ্বিতীয় পর্বের কোন পরীক্ষা অনুষ্ঠিত হয়নি। শিক্ষক সমন্বয় কমিটির আহ্বানে সকাল ৮টায় হরতালের সমর্থনে ধর্মঘটী শিক্ষকদের একটি শান্তিপূর্ণ মিছিল চকবাজার রোড অতিক্রমকালে পুলিশ বেপরোয়া লাঠিচার্জ করে। ফলে ৬ জন শিক্ষয়িত্রীসহ ১৫ জন আহত হন। আহতদের মধ্যে ৪ জনের অবস্থা গুরুতর। পুলিশ ৪ জন শিক্ষক ও একজন কর্মচারীকে গ্রেফতার করে।

সকালে ও বিকেলে দু'টি পৃথক প্রতিবাদ সভায় লাঠিচার্জের তীব্র নিন্দা ও গ্রেফতারকৃতদের মুক্তি দাবী করা হয়। উল্লেখ্য, যে স্থানে লাঠিচার্জ করা হয় তার আশপাশে কোন পরীক্ষা কেন্দ্র নেই।

বরিশালে ২টি সরকারী বিদ্যালয়ে ও ১টি বেসরকারী বিদ্যালয়ে পরীক্ষাকেন্দ্র স্থাপন করা হয়েছে। বেসরকারী বিদ্যালয়টির কোন শিক্ষক-কর্মচারী পরীক্ষা গ্রহণকার্যে অংশ নেননি। প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদেরও পরিদর্শক নিযুক্ত করা হয়। প্রাপ্ত সংবাদ অনুযায়ী বরিশাল জেলার অন্যান্য পরীক্ষা কেন্দ্রে পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে।

পিরোজপুর জেলার বানরীপাড়া কেন্দ্রে প্রথম পর্বের পরীক্ষা শুরু হবার দু'ঘণ্টা পরে পরীক্ষার্থীরা শিক্ষক নির্যাতনের প্রতিবাদে হল ত্যাগ করে। দ্বিতীয় পর্বে কোন পরীক্ষা অনুষ্ঠিত হয়নি। স্বরূপকাঠি উপজেলার কয়েকটি বিদ্যালয়ের পরীক্ষার্থীরা শিক্ষকদের দাবীর সমর্থনে পরীক্ষা বর্জন করেছে।

ভোলা জেলার দৌলতখানে ধর্মঘটী শিক্ষকদের ওপর পুলিশ গুলীবর্ষণ করে। এতে ৫ জন আহত হন।

বরিশাল জেলার বাবুগঞ্জ ও উজিরপুর কেন্দ্রে পরীক্ষার্থীরা

ঝালকাঠি জেলার সুগন্ধিয়া পরীক্ষা কেন্দ্রে ইউনিয়ন পরিষদের সদস্যদেরকে পরিদর্শক নিয়োগ করা হয়েছে।

### বাগেরহাট

বাগেরহাট থেকে নিজস্ব সংবাদদাতা টেলিফোনে জানান : যশোহর শিক্ষা বোর্ডের অধীনে বাগেরহাট জেলার ৯টি উপজেলার ১২টি পরীক্ষা কেন্দ্রে গতকাল এস,এস,সি পরীক্ষা শুরু হয়েছে। পরীক্ষায় অসদুপায় অবলম্বনের জন্য মোল্লারহাট কেন্দ্র থেকে দু'জন পরীক্ষার্থীকে বহিস্কার এবং ২জন বহিরাগতকে পরীক্ষা কেন্দ্রে ঢুকার জন্য পুলিশ আটক করেছে।

বেসরকারী শিক্ষকদের ধর্মঘটের কারণে চিতলমারী পরীক্ষা কেন্দ্রে সরকারী কর্মকর্তারা পরীক্ষা নিচ্ছেন।

### পঞ্চগড়

পঞ্চগড় থেকে নিজস্ব সংবাদদাতা টেলিফোনে জানান: পঞ্চগড় জেলার ৫টি কেন্দ্রে গতকাল প্রথম দিনের এস এস সি পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। কোথাও কোন অপ্রীতিকর ঘটনা ঘটেনি। এবারে জেলার ৫টি পরীক্ষা কেন্দ্রে মোট ২,৫৫২ জন ছাত্রছাত্রীর মধ্যে ২,৫৪১ জন পরীক্ষায় অংশগ্রহণ করেছে।

পরীক্ষা শুরুর কিছুক্ষণ পূর্বে পঞ্চগড় পরীক্ষা কেন্দ্রে একটি ককটেল বিস্ফোরিত হয়। তবে কোন ক্ষয়ক্ষতি হয়নি। এই সংবাদদাতা জেলার বোদা ও পঞ্চগড় পরীক্ষা কেন্দ্র পরিদর্শনের সময় পরীক্ষার্থীদের ব্যাপকভাবে নকল করতে দেখেন। কিন্তু পরিদর্শক কাউকে বহিস্কার করেননি।

### সিরাজগঞ্জ

উল্লাপাড়া (সিরাজগঞ্জ) থেকে আমাদের জেলা বার্তা পরিবেশক ফোনে জানান, সিরাজগঞ্জ জেলার ১২টি কেন্দ্রে পরীক্ষা চলছে। জেলার তারাশ কেন্দ্রে পরীক্ষা শুরু হয় সকাল সাড়ে ১১টায়। জেলায় মোট ৭ হাজার ৩শ ৪৮ জন ছাত্রছাত্রী পরীক্ষায় অংশ নিচ্ছে। জেলা প্রশাসন সূত্রে বলা হয়, কোথায়ও কোন অপ্রীতিকর ঘটনা ঘটেনি।

পরীক্ষা কেন্দ্রগুলোতে সরকারী কর্মচারী, সরকারী কলেজের শিক্ষক ও প্রাথমিক শিক্ষকদের পরিদর্শক নিয়োগ করা হয়েছে। উপজেলাগুলোতে অতিরিক্ত পুলিশ মোতায়েন করা হয়েছে।

সিরাজগঞ্জ থেকে আমাদের নিজস্ব সংবাদদাতা জানান তারাশ পরীক্ষা কেন্দ্রে পরীক্ষা অনুষ্ঠানে ধর্মঘটী শিক্ষক ও একদল ছাত্রের বাধা সৃষ্টির ফলে পরীক্ষা শুরু করতে বিলম্ব হয়। তারাশ থেকে ২ জন শিক্ষক ও ২ জন ছাত্রকে গ্রেফতার করা হয়েছে।

### কুষ্টিয়া

কুষ্টিয়া থেকে আমাদের জেলা বার্তা পরিবেশক ফোনে জানান, গতকাল কুষ্টিয়া জেলার কুমারখালী উপজেলার একটি পরীক্ষা কেন্দ্রে ২টি পটকা বিস্ফোরিত হয়েছে এবং সেখানে ২ ব্যক্তিকে গ্রেফতার করা হয়েছে।

এদিকে কুমারখালী কেন্দ্রে পরীক্ষায় অসদুপায় অবলম্বনের জন্য ২ জন ছাত্রকে বহিস্কার করা হয় এবং ৫ জনকে হল থেকে বের করে দেয়া হয়। কেন্দ্র থেকে বিপুল পরিমাণ নকল আটক করা হয়।

জানা গেছে, প্রায় একশ' জনের বিক্ষুব্ধ জনতা পরীক্ষা বন্ধের দাবীতে কুমারখালী বালিকা বিদ্যালয় কেন্দ্রের সামনে মিছিল করে এলে পুলিশ তাদের বাধা দেয়। পরীক্ষা কেন্দ্রে এ সময় ২টি পটকা বিস্ফোরিত হয়। এতে লোকজন আতঙ্কিত হয়ে পড়ে। পরে যথারীতি পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে।

### মৌলবীবাজার

মৌলবীবাজার থেকে আমাদের নিজস্ব সংবাদদাতা ফোনে জানান, মৌলবীবাজার জেলার কমলগঞ্জ উপজেলা সদর পরীক্ষা কেন্দ্রে পুলিশের গুলীতে একজন ছাত্র মারা গেছে।

এই কেন্দ্রে পরীক্ষা শুরু হওয়ার সময় সকালে একদল ছাত্র পরীক্ষার হলে প্রবেশ করে এবং পরীক্ষার্থীদের পরীক্ষা দেয়া থেকে বিরত থাকার আহ্বান জানায়। পুলিশ তাদের বাধা দিলে তারা ইটপাটকেল ছোড়ে। পুলিশ এক পর্যায়ে লাঠিচার্জ করে এবং ৪ রাউণ্ড গুলী ছোড়ে। এতে কেউ আহত হয়নি।

বিকেলে দ্বিতীয় পর্ব পরীক্ষা শুরু হবার পর পুলিশের সাথে ছাত্রদের পুনরায় সংঘর্ষ বাধে। উপজেলা নির্বাহী অফিসারের নির্দেশে পুলিশ চার রাউণ্ড গুলী ছোড়ে। এতে শমসেরনগর হাই স্কুলের নবম শ্রেণীর ছাত্র শামছু মিয়া (১৮) ঘটনাস্থলেই মারা যায়। এছাড়া আহত ১০ জনকে প্রাথমিক চিকিৎসার পর ছেড়ে দেয়া হয়। বিকেলে এই কেন্দ্রে ৩০০ পরীক্ষার্থী অনুপস্থিত ছিল।

মৌলবীবাজার জেলার ৭টি কেন্দ্রের মোট ২ হাজার ৮শ' ৪৩ জন পরীক্ষার্থীর মধ্যে ৪শ' জন অনুপস্থিত ছিল, রাজনগর কেন্দ্র থেকে ২ জন শিক্ষককে ও শ্রীমঙ্গল কেন্দ্রে ১০ জন ছাত্র-জনতাকে গ্রেফতার করা হয়েছে।

### রংপুর

রংপুর থেকে আমাদের উত্তরাঞ্চলীয় প্রতিনিধি ফোনে জান... ২২টি ... সংখ্যা ... এদের ... কেন্দ্রে ... কেন্দ্রে ৫ ... বহিস্কার করা ...

বিভিন্ন ... প্রবেশপত্র ছাড়াও পরীক্ষা দিতে দেয়া হয়েছে বলে জানা গেছে। তবে মনে করা হচ্ছে যে, ধর্মঘটী স্কুল শিক্ষকরা অনুপস্থিত থাকায় অনেক পরীক্ষার্থীকে সঠিকভাবে চিহ্নিত করা যায়নি।

রংপুর শহর থেকে ১৪ মাইল দূরে মিঠাপুকুরে ৩ জন পরীক্ষার্থীকে বহিস্কার করা হয়েছে। ৮টি উপজেলায় পুলিশ ১৩ জন ম্যাজিষ্ট্রেট ও সহ-কমিশনার পাঠানো হয়েছে। কোন কোন কেন্দ্রে প্রাইমারী শিক্ষকদের পরিদর্শক নিয়োগ করা হয়েছে। অনেক স্থানে বেসরকারী শিক্ষকরা ধর্মঘটে যোগ দেননি। রংপুর শহরে ২টি কেন্দ্রে শিক্ষকরা কর্তব্য পালন করছেন।

### পীরগাছা

পীরগাছা থেকে ৫ জন ছাত্রকে বহিস্কার করা হয়েছে। পীরগাছায় একদল লোক ২ জন পুলিশকে আটক করে এবং পরে ছেড়ে দেয়। এখানেও পুলিশ ২ ব্যক্তিকে আটক করে এবং পরে ছেড়ে দেয়।

### জামালপুর

জামালপুর থেকে আমাদের জেলা বার্তা পরিবেশক ফোনে জানান, গতকাল বৃহস্পতিবার জামালপুরের ৯টি কেন্দ্রে শান্তিপূর্ণভাবে মাধ্যমিক পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। ১ হাজার ৭শ'২৭ জন ছাত্রীসহ মোট ৬ হাজার ৭৯ জন পরীক্ষার্থী পরীক্ষায় অংশ নেয়।

জেলার বিভিন্ন কেন্দ্র থেকে অসদুপায় অবলম্বনের অভিযোগে ৭ জন পরীক্ষার্থীকে বহিস্কার করা হয়েছে।

### পটুয়াখালী

পটুয়াখালী থেকে আমাদের সংবাদদাতা ফোনে জানান, ...লার ১০টি কেন্দ্রে গতকাল ...নিক পরীক্ষা অনুষ্ঠিত ...। মোট ৪ হাজার ৯শ' ...ন পরীক্ষার্থী এতে অংশ